

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৩৬.২২.৬৯৬

তারিখ: ৩১ অক্টোবর ২০২৩

বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা ইরেসপো কর্মসূচি ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত কোর্টচাঁদপুর, ঝিনাইদহ উপজেলায় মাঠ পাড়া মহিলা উন্নয়ন দল কর্তৃক সঞ্চয় বাবদ জমাকৃত ৮৭,০০০/- টাকার মধ্যে ৩১,৮৯৮/- টাকা আত্মসাতের উদ্দেশ্যে হস্তমজুদ করার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত। উল্লেখ্য, আত্মসাতের তথ্য উৎঘাটনের পর আপনি হস্তমজুদকৃত অর্থ সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করেন। এতে সুস্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, আপনি ইচ্ছাকৃতভাবে আত্মসাতের উদ্দেশ্যে হস্তমজুদ করেছেন।

এমতাবস্থায়, ইচ্ছাকৃতভাবে আত্মসাতের উদ্দেশ্যে হস্তমজুদ করায় ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা ২০২২ এর বিধি ২৪(জ) অনুযায়ী আত্মসাতের দায়ে দোষী স্বাব্যস্ত করে বিধি ২৫ (খ) অনুযায়ী কেন গুরুদণ্ড প্রদান করা হবে না তার জবাব আগামী ১২/১১/২০২৩ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব মো: আল-আমিন
হিসাব সহকারী, ইরেসপো
বিআরডিবি, কোর্টচাঁদপুর, ঝিনাইদহ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, ঝিনাইদহ।
২. পোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, কোর্টচাঁদপুর, ঝিনাইদহ।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।